জেলা পরিষদ কার্যালয়
লালমনিরহাট।
www.zplalmonirhat.gov.bd

স্মারক নং- ৪৬.৪২.৫২০০.০০১.২৮.০০১.২৪-৫৯৩

তারিখ : ১৩ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ
২৯ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ

# অফিস আদেশ

বিষয় : জেলা পরিষদ, লালমনিরহাট এর মালিকানাধীন লালমনিরহাট জেলার ০২(দুই)টি অডিটোরিয়াম-কাম কমিউনিটি সেন্টার/ মাল্টিপারপাস হল ইজারা বিজ্ঞপ্তি প্রসঙ্গে।

সূত্র : জেলা পরিষদের ইজারা বিজ্ঞপ্তি স্মারক নং জেপ/লাল/২০২৪/৪৪৯ তারিখ: ০৮/০৯/২০২৪ খ্রিষ্টাব্দ।

উর্পযুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ, লালমনিরহাট এর মালিকানাধীন লালমনিরহাট জেলার ক) সদর উপজেলায় অবস্থিত ৫০০ আসন বিশিষ্ট অডিটোরিয়াম-কাম কমিউনিটি সেন্টার এবং খ) পাটগ্রাম উপজেলায় অবস্থিত ৫০০ আসন বিশিষ্ট অডিটোরিয়াম-কাম মাল্টিপারপাস হল সূত্রোক্ত স্মারক পত্রে ০৩(তিন) বছর মেয়াদে পরিচালনার জন্য "৩য় দফায়" ইজারা কার্যক্রম পরিচালনা করা হয়।

২। জেলা পরিষদ, লালমনিরহাট এর মালিকানাধীন লালমনিরহাট জেলার সদর উপজেলায় অবস্থিত ৫০০ আসন বিশিষ্ট অডিটোরিয়াম-কাম কমিউনিটি সেন্টার ইজারা প্রদানের নিমিত্ত ইজারা বিজ্ঞপ্তি স্মারক নং-জেপ/লাল/২০২৪/৪৪৯ তারিখ: ০৮/০৯/২০২৪ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে "৩য় দফায়" সর্বমোট ০২(দুই)টি ইজারা দরপত্র পাওয়া যায়। যাচাই বাছাই অন্তে ০২(দুই)টি ইজারা দরপত্র সঠিক/বৈধ পাওয়া যায়। তবে মাত্র ০২জন দরপত্র দাখিল করায় এ ক্ষেত্রে যে সুষ্ঠু প্রতিযোগিতা হয়নি তা সুস্পষ্ট। বৈধ ইজারা সর্বোচ্চ দরপত্র দাতা মোঃ আনিছুর রহমান, পিতা: মৃত আব্দুর রহমান, সাং: খোর্দ্দ সাপটানা, সুরকির মিল, সদর, লালমনিরহাট এর প্রদেয় দর = ৪,৭০,০০০/-(চার লক্ষ সত্তর হাজার) টাকা ও ১৫% ভ্যাট = ৭০,৫০০/- ও ১০% আয়কর = ৪৭,০০০/- পাওয়া যায়। যা সঠিক মর্মে প্রতীয়মান হয়। ০১/০১/২০২১ খ্রিষ্টাব্দ হতে ৩১/১২/২০২৩ খ্রিষ্টাব্দ পর্যন্ত ৩(তিন) বছর মেয়াদে ইজারাকৃত দর = ৩,৯০,০০০/-(তিন লক্ষ নব্বই হাজার) ছিল। যা ইজারা বিজ্ঞপ্তির "১ম দফায়" প্রাপ্ত দর = ৪,০০,০০০/-(চার লক্ষ) টাকা অপেক্ষা মাত্র = ১০,০০০/-(দশ হাজার)টাকা কম ছিল। মূল্যায়ন কমিটির সুপারিশের ভিত্তিতে ২য় দফা দরপত্র কার্যক্রম পরিচালনা করা হয়। "২য় দফায়" প্রাপ্ত সর্বোচ্চ দর = ৪,৫০,০০০/-(চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা পাওয়া যায়। যা গতবারের ইজারা দর অপেক্ষা ৬০,০০০/- (ষাট হাজার) বেশি এবং ১ম দফার দর অপেক্ষা ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা বেশি এবং "৩য় দফায় প্রাপ্ত দর ৪,৭০,০০০/- টাকা যা ১ম দফার দর অপেক্ষা ৭০,০০০/-(সত্তর হাজার) টাকা বেশি এবং ২য় দফার দর অপেক্ষা ২০,০০০/-(বিশ হাজার) টাকা বেশি যা গতবারের ইজারা দর অপেক্ষা ৮০,০০০/- (আশি হাজার) বেশি। উল্লেখ্য যে, জেলা পরিষদ কর্তৃক নিজস্ব ব্যবস্থাপনায় পরিচালনা করে ১৩/০৯/২০২৪ খ্রিষ্টাব্দ হতে ২৭/১০/২০২৪ খ্রিষ্টাব্দ পর্যন্ত মাত্র ১.৫ মাসে মোট =১,১৫,০০০/-(এক লক্ষ পনের হাজার) টাকা ভাড়া আদায় করা হয়। এর সাথে "৩য় দফায়" প্রাপ্ত সর্বোচ্চ দরপত্র দাতার দর তুলনা করলে ৩(তিন) বছর বা ৩৬ মাসে প্রদেয় ইজারা মূল্য = ৪,৭০,০০০/-(চার লক্ষ সত্তর হাজার) টাকা পর্যাপ্ত নয় মর্মে প্রতীয়মান হয়। দাখিলকৃত ০৩(তিন) বছরের দর = ৪,৭০,০০০/-(চার লক্ষ সত্তর হাজার) টাকা মোতাবেক ১২ মাসের গড় দর হয় = ১,৫৬,৬৬৭/-(এক লক্ষ ছাপান্ন হাজার ছয়শত সাতষট্টি) টাকা। এর তুলনায় জেলা পরিষদের নিজস্ব ব্যবস্থাপনায় ১.৫ মাসে ভাড়া বাবদ প্রাপ্ত = ১,১৫,০০০/-(এক লক্ষ পনের হাজার)টাকা অনেক বেশি। তিন বার দরপত্র আহ্বান করে পর্যাপ্ত বা উপযুক্ত দর পাওয়া না যাওয়ায় রাজস্ব আহরণের স্বার্থে জেলা পরিষদের নিজস্ব ব্যবস্থাপনায় অডিটোরিয়াম কাম কমিউনিটি সেন্টারটি পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। জেলা পরিষদ, লালমনিরহাট এর মালিকানাধীন পাটগ্রাম উপজেলায় অবস্থিত ৫০০ আসন বিশিষ্ট অডিটোরিয়াম-কাম মাল্টিপারপাস হল ইজারা প্রদানের নিমিত্ত প্রকাশিত ইজারা বিজ্ঞপ্তি স্মারক নং-জেপ/লাল/২০২৪/৪৪৯ তারিখ: ০৮/০৯/২০২৪ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে "৩য় দফায়" সর্বমোট ০৪(চার)টি ইজারা দরপত্র পাওয়া যায়। এর মধ্যে ০২টি দরপত্রের সাথে কোন পে-অর্ডার দাখিল করা হয়নি। অপর ০২টি দরপত্রের মধ্যে সর্বোচ্চ দরপত্র দাতা জনাব মোঃ শামছুদ্দোহা, পিতা: মোঃ ফজলুর রহমান, সাং: রসুলগঞ্জ, ৭নং ওয়ার্ড, পাটগ্রাম, লালমনিরহাট এর প্রদেয় দর = ২,৫০,০০০/-(দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা। রাজস্ব আহরণের স্বার্থে এবং লালমনিরহাট সদর হতে পাটগ্রাম অডিটোরিয়ামের দূরত্ব বিবেচনায় সুষ্ঠু ব্যবস্থাপনার নিমিত্ত আগামী ০৭/১১/২০২৪ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে প্রদেয় দর = ২,৫০,০০০/-(দুই লক্ষ পঞ্চাশ হাজার )টাকা ও ১৫% ভ্যাট = ১৮,০০০/- ও ১০% আয়কর = ১২,০০০/- টাকা এবং ১০% জামানত =২৫,০০০/- টাকা সর্বামোট = ৩,৩৭,৫০০/-(তিন লক্ষ সাঁইত্রিশ হাজার পাঁচশত)টাকা পে-অর্ডারের মাধ্যমে দাখিল করার শর্তে দাখিলকৃত ইজারা দরপত্র অনুমোদন করা হয়েছে। যথা সময়ে দাখিলকৃত দরের যাবতীয় অর্থ পাওয়া না গেলে দরপত্র দাতাকর্তৃক দাখিলকৃত প্রাপ্ত চেক ও পে-অর্ডার সমূহ জেলা পরিষদের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে এবং অডিটোরিয়ামটি জেলা পরিষদের নিজস্ব ব্যবস্থাপনায় পরিচালনা করা হবে।

২৭/১০/২৪

(মোঃ ফিরোজ হোসেন)
প্রধান নির্বাহী কর্মকর্তা(ভা.)
জেলা পরিষদ, লালমনিরহাট।
মোবাইল # ০১৩১৭-৪৭৭৮৪৮
ই-মেইল: zillaparishadlmh@yahoo.com



CamScanner

স্মারক নং- ৪৬.৪২.৫২০০.০০১.২৮.০০১.২৪-৫৯৩(১৫)

তারিখ : ১৩ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ
২৯ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
৪। জেলা প্রশাসক,লালমনিরহাট ।
৫। প্রশাসক, জেলা পরিষদ, লালমনিরহাট।
৬। পুলিশ সুপার, লালমনিরহাট।
৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট।
৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ/গণপূর্ত, লালমনিরহাট।
৯। উপজেলা নির্বাহী অফিসার (সদর/পাটগ্রাম), লালমনিরহাট।
১০। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, লালমনিরহাট।
১১। অফিসার ইনচার্জ, সকল থানা, লালমনিরহাট।
১২। সভাপতি/সম্পাদক, চেম্বার অব-কমার্স, লালমনিরহাট।
১৩। সিএ টু প্রশাসক, জেলা পরিষদ, লালমনিরহাট। [ওয়েবসাইটে প্রকাশের জন্য]
১৪। জনাব.................................................................... ।
১৫। অফিস কপি।

29/10/24
(মোঃ ফিরোজ হোসেন)
প্রধান নির্বাহী কর্মকর্তা(ভা.)
জেলা পরিষদ, লালমনিরহাট।
মোবাইল # ০১৩১৭-৪৭৭৮৪৮
ই-মেইলঃ zillaparishadlmh@yahoo.com



CamScanner